

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৪৫

১/ বিবিধ

আরবী

كان يصلي بعد العصر، وينهى عنها، ويواصل وينهى عن الوصال
منكر

رواه أبو داود (1 / 201) من طريق ابن إسحاق عن محمد بن عمرو عن عطاء عن
ذكوان مولى عائشة أنها حدثته أن رسول الله صلى الله عليه وسلم كان.... الحديث.
قلت: وهذا سند ضعيف رجاله ثقات كلهم، لكن ابن إسحاق مدلس وقد عنعنه، وقد
صح ما يعارض حديثه هذا، وهو ما أخرجه أحمد (6 / 125) عن المقدم بن شريح
عن أبيه قال: " سألت عائشة عن الصلاة بعد العصر؟ فقالت: صل، إنما نهى رسول
الله صلى الله عليه وسلم قومك أهل اليمن عن الصلاة إذا طلعت الشمس ". قلت:
وسنده صحيح على شرط مسلم. ووجه المعارضة واضح منه، وهو قولها " صل "
فلو كان عندها علم بالنهي الذي رواه ابن إسحاق عنها لما أفقت بخلافه إن شاء الله
تعالى، بل لقد ثبت عنها أنها كانت تصلي بعد صلاة العصر ركعتين، أخرجه البخاري
(3 / 82) ومسلم (2 / 210). فهذا كله يدل على خطأ حديث ابن إسحاق ونكارتة.
وهذا من جهة الصلاة، وأما من حيث الوصال، فالنهي عنه صحيح ثابت في
الصحيحين وغيرهما عن غير واحد من أصحاب النبي صلى الله عليه وسلم. ثم إن
الحديث يخالف من جهة ثانية حديث أم سلمة المشار إليه، فإن فيه؟

فقال أم سلمة، سمعت رسول الله صلى الله عليه وسلم ينهى عنهما (تعني الركعتين

بعد العصر) ثم رأيته يصليهما، أما حين صلاحهما فإنه صلى العصر ثم دخل وعندي نسوة من بني حرام من الأنصار فصلاهما، فأرسلت إليه الجارية، فقلت: قومي بجنبه فقولي له: تقول أم سلمة: يا رسول الله إني أسمعك تنهى عن هاتين الركعتين، وأراك تصليهما، فإن أشار بيده، فاستأخري عنه، قال: ففعلت الجارية فأشار بيده فاستأخرت عنه، فلما انصرف، قال: يا بنت أبي أمية! سألت عن الركعتين بعد العصر، إنه أتاني ناس من عبد القيس بالإسلام من قومهم فشغلوني عن الركعتين اللتين بعد الظهر، فهما هاتان

ووجه المخالفة هو أن النهي عن الصلاة بعد العصر في الحديث متأخر عن صلاته صلى الله عليه وسلم بعدها، وفي حديث أم سلمة أن النهي متقدم وصلاته بعده متأخر، وهذا مما لا يفسح المجال لادعاء نسخ صلاة الركعتين بعد العصر، بل إن صلاته صلى الله عليه وسلم إياهما دليل عن تخصيص النهي السابق بغيرهما، فالحديث دليل واضح على مشروعية قضاء الفائتة لعذر، ولو كانت نافلة بعد العصر، وهو أرجح المذاهب، كما هو مذكور في المبسوطات

والحديث سكت عليه الحافظ في "الفتح" (2 / 51) وتبعه الصنعاني في "سبل السلام" (1 / 171) ثم الشوكاني في "نيل الأوطار" (3 / 24) وسكوتهم الموهوم صحته هو

الذي حملني على تحرير القول فيه والكشف عن علته، والله الموفق. ثم رأيت ابن حزم ذكره (2 / 265) من طريق أبي داود ولم يضعفه، بل صنيعه يشعر بصحته عنده، فإنه أجاب عنه (2 / 268) بما يتعلق به من جهة دلالاته ووفق بينه وبين ما يعارضه من جواز الركعتين بعد العصر عنده، ولو كان ضعيف لضعفه وما قصر، ولكنه قد قصر!

ورأيت أبا الطيب الشهير بشمس الحق العظيم آبادي قد تنبه في كتابه "إعلام أهل العصر، بأحكام ركعتي الفجر" (ص 55) لعلة أخرى في الحديث فقال: "وهذا معارض بما أخرجه مسلم والنسائي وغيرهما عن عبد الله بن طاووس عن أبيه عن عائشة أنها قالت: وهم عمر، إنما نهى رسول الله صلى الله عليه وسلم أن يتحرى طلوع الشمس وغروبها، فإنما مفاد كلامه في رواية ذكوان (يعني في حديث ابن

إِسْحَاقُ) أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنِ الصَّلَاةِ بَعْدَ الْعَصْرِ، وَمَفَادُ كَلَامِهَا فِي رِوَايَةِ طَاوُوسٍ أَنَّ النَّهْيَ يَتَعَلَّقُ بِطُلُوعِ الشَّمْسِ وَغُرُوبِهَا، لَا يَرْفَعُ صَلَاةَ الْفَجْرِ وَالْعَصْرِ". قلت: وهذه معارضة أخرى تضاف إلى المعارضتين السابقتين، وهي مما تزيد الحديث ضعفا على ضعف

বাংলা

৯৪৫। তিনি আসরের পরে সালাত আদায় করতেন এবং তা হতে নিষেধ করতেন। তিনি সওমে বিসাল (না খেয়ে একাধিক দিন সওম পালন করা) করতেন আবার তিনি বিসাল করা হতে নিষেধ করতেন।

হাদীছটি মুনকার।

এটি আবু দাউদ (১/২০১) ইবনু ইসহাকের সূত্রে মুহাম্মাদ ইবনু আমর হতে তিনি আয়েশা (রাঃ) এর দাস যাকুওয়ান হতে (আয়েশা তাকে হাদীছ শুনিয়েছেন) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। কারণ ইবনু ইসহাক মুদাল্লিস, তিনি আন আন করে বর্ণনা করেছেন। তার এ হাদীছের বিপরীতে সহীহ হাদীছ বর্ণিত হয়েছে। সেটি ইমাম আহমাদ (৬/১২৫) মিকদাম ইবনু শুরায়েহ হতে তিনি তার পিতা হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমি আয়েশা (রাঃ)-কে আসরের পরে সালাত আদায় করার ব্যাপারে জিজ্ঞাসা করেছিলাম। তিনি উত্তরে বলেনঃ সালাত আদায় কর। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমার জাতি ইয়ামানীদেরকে যখন সূর্যাদয় হবে তখন সালাত আদায় করতে নিষেধ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ সনদটি মুসলিমের শর্তানুযায়ী সহীহ। উভয় হাদীছের মধ্যে দ্বন্দ্ব সুস্পষ্ট। তিনি সালাত আদায়ের জন্য নির্দেশ দিয়েছেন। সে সময়ে সালাত আদায় করা নিষেধ তাই যদি তিনি জানতেন যেমনটি ইবনু ইসহাকের বর্ণনায় এসেছে, তাহলে তিনি তার বিপরীত ফাতুওয়া দিতেন না। বরং আয়েশা হতে সাব্যস্ত হয়েছে, তিনি আসরের পরে দু' রাকাআত সালাত আদায় করতেন। এটি ইমাম বুখারী ও মুসলিম বর্ণনা করেছেন।

এ সব কিছু প্রমাণ করছে যে, ইবনু ইসহাকের হাদীছটি ভুল ও মুনকার। এটি সালাতের দিক দিয়ে। আর সওমে বিসালের দিক দিয়ে; বুখারী, মুসলিম সহ অন্যান্য হাদীছ গ্রন্থে একাধিক সাহাবার বর্ণনায় সওমে বিসাল নিষেধ হওয়া সাব্যস্ত হয়েছে। আলোচ্য হাদীছটি উম্মু সালামার হাদীছেরও বিপরীত হচ্ছেঃ কারণ তিনি তাতে বলেছেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে শুনেছি তিনি আসরের পরে দু' রাকাআত সালাত আদায় করা হতে নিষেধ করতেন। অতঃপর তাকে আমি সেই দু' রাকাআত পড়তে দেখেছি। এ হাদীছের মধ্যে এসেছে তিনি ব্যস্ততার কারণে যোহরের পরের দু' রাকাআত আদায় করতে না পারায় তিনি তা আসরের পরে আদায় করেছেন। অতএব আসরের পরে কোন ছুটে যাওয়া সালাত থাকলে তা আদায় করা যাবে যদিও সেটি নফল সালাত হয়। এটিই অগ্রাধিকার প্রাপ্ত মত।

হাফয ইবনু হাজার “ফতহুল বারী” (২/৫১) গ্রন্থে, তার অনুসরণ করে সান’আনী “সুবুলুস সালাম” (১/১৭১) গ্রন্থে, অতঃপর শাওকানী “নায়লুল আওতার” (৩/২৪) গ্রন্থে আলোচ্য হাদীছটি উল্লেখ করে চূপ থেকেছেন। এ কারণেই আমি হাদীছটি এখানে উল্লেখ করে তার সমস্যাটি তুলে ধরেছি।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71824>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন